

প্রশ্ন ১৯। অর্থের সময়মূল্যের ধারণাটি কী?

[মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

উত্তর : বর্তমানে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ অথবা একই পরিমাণ ভবিষ্যতে প্রাপ্ত অর্থের মধ্যে বর্তমানের অর্থ অধিকতর মূল্যবান। এটাই অর্থের সময়মূল্যের ধারণা।

প্রশ্ন ২০। ঋণের কিস্তি কীভাবে নির্ণয় করা হয়?

[হিঙ্গাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা।

উত্তর : অর্থের সময়মূল্য নির্ণয় করে ঋণের কিস্তি নির্ণয় করা যায়।

প্রশ্ন ২১। চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে অর্থের কোন মূল্য নির্ধারণ করা হয়?

[ডা. খানগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম।

উত্তর : চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ধারণ করা হয়।

প্রশ্ন ২২। প্রকৃত সুদের হার নির্ণয়ের সূত্রটি লেখ।

[সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম।

উত্তর : প্রকৃত সুদের হার নির্ণয়ের সূত্রটি হলো— প্রকৃত

$$\text{সুদের হার (EAR)} = \left(1 + \frac{i}{m}\right)^m - 1$$

প্রশ্ন ২৩। বর্তমান মূল্য জানা থাকলে কোন মূল্য জানা যায়?

[চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃ বিদ্যালয়।

উত্তর : বর্তমান মূল্য জানা থাকলে ভবিষ্যৎ মূল্য জানা যায়।

প্রশ্ন ২৪। বর্তমান ব্যয়ের সাথে ভবিষ্যৎ আয়ের তুলনা করা হয় কখন?

[বেপজা পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম।

উত্তর : মূলধন বাজেটিংয়ের মাধ্যমে সঠিক বিনিয়োগ সুযোগ গ্রহণে বর্তমান ব্যয়ের সাথে ভবিষ্যৎ আয়ের তুলনা করা হয়।

<https://24paralekha.com>

অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

এসএসসি পরীক্ষার প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ১। জমি বিক্রয় করে প্রাপ্ত টাকা বন্ধুকে ধার দিলে এর সাথে কীভাবে সুযোগ ব্যয় জড়িত? ব্যাখ্যা কর। [রা. বো. '১৯]

উত্তর : কোনো একটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করলে অন্য কোনো প্রকল্পে অর্থ বিনিয়োগের সুযোগ ত্যাগ করাকে বিনিয়োগের সুযোগ ব্যয় বলা হয়।

জমি বিক্রয় করে প্রাপ্ত টাকা বন্ধুকে ধার দিলে উক্ত অর্থ অন্য কোনো খাতে বিনিয়োগের সুযোগ থাকবে না। তাছাড়া বন্ধুকে ধার দেওয়া অর্থ থেকে অতিরিক্ত আয়েরও কোনো সুযোগ সৃষ্টি হবে না। তাই বলা যায়, বন্ধুকে ধার দেওয়া অর্থ অন্য কোনো খাতে বিনিয়োগ করলে যে হারে আয় অর্জিত হতো তা হলো সুযোগ ব্যয়।

প্রশ্ন ২। বুল '৭২' কী? ব্যাখ্যা কর। [য. বো. '১৯]

উত্তর : বুল ৭২ বা বিধি ৭২ বলতে বার্ষিক চক্রবৃদ্ধিকরণের ক্ষেত্রে যেকোনো পরিমাণ বিনিয়োগকৃত অর্থ কত বছরে বা কত % সুদে দ্বিগুণ হবে তা সংক্ষেপে নির্ণয় করার কৌশলকে বোঝায়।

টাকা দ্বিগুণ হলে ৭২ কে মেয়াদ দিয়ে ভাগ করলে সুদের হার পাওয়া যায়। আবার ৭২কে সুদের হার দ্বারা ভাগ করলে মেয়াদ পাওয়া যায়। যেমন ১২% বার্ষিক সুদে ১০,০০০ টাকা কত বছরে দ্বিগুণ হবে?

$$\text{বুল ৭২ অনুযায়ী, } n = \frac{72}{i} = \frac{72}{12} = 6 \text{ বছর}$$

প্রশ্ন ৩। চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা কর। [কু. বো. '১৯]

উত্তর : যে পদ্ধতিতে চক্রবৃদ্ধি সুদের ধারণা ব্যবহার করে ভবিষ্যৎ মূল্য নির্ণয় করা হয়, তাকে চক্রবৃদ্ধিকরণ বলে।

চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিতে প্রতিবছর সুদাসলের উপর সুদ ধার্য করে ভবিষ্যৎ মূল্য নির্ধারণ করা হয়। অর্থাৎ সুদ-আসলের উপর যে সুদ প্রদান করা হয় তাকে চক্রবৃদ্ধি সুদ বলে। যেমন : ১০% সুদে ১০০ টাকা ২ বছর পরের ভবিষ্যৎ মূল্য হবে $100(1 + 0.10)^2 = 121$ টাকা।

প্রশ্ন ৪। সুযোগ ব্যয় নির্ধারণে অর্থের সময়মূল্যের গুরুত্ব ব্যাখ্যা কর। [দি. বো. '১৯]

উত্তর : কোনো একটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করলে অন্যকোনো প্রকল্পে অর্থ বিনিয়োগে সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

অর্থের সময়মূল্যের সূত্র. প্রয়োগের মাধ্যমে কোনো বিনিয়োগকারী সুযোগ ব্যয়ের পরিমাণ নির্ধারণ করতে পারে। যেমন বিধি-৭২ প্রয়োগ করে সুযোগ ব্যয় নির্ধারণ করে কোন সুযোগটি গ্রহণ করা উচিত এবং কোনটি ত্যাগ করা উচিত সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া সহজ হয়।

প্রশ্ন ৫। বাট্টাকরণ প্রক্রিয়া কী? ব্যাখ্যা কর। [সকল বোর্ড '১৮]

উত্তর : অর্থের বর্তমান মূল্য নির্ণয়ের প্রক্রিয়াকে বাট্টাকরণ প্রক্রিয়া বলে।

অর্থের ভবিষ্যৎ মূল্য জানা থাকলে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। একে বলে বাট্টাকরণ প্রক্রিয়া। একাধিকবার চক্রবৃদ্ধিকরণের ক্ষেত্রেও ভবিষ্যৎ মূল্য থেকে বাট্টাকরণের মাধ্যমে বর্তমান মূল্য নির্ণয় করা যায়। সাধারণত বর্তমান মূল্য নির্ণয়ে নিম্নোক্ত সূত্র ব্যবহার করা হয়—

$$\text{বর্তমান মূল্য} = \frac{\text{ভবিষ্যৎ মূল্য}}{(1 + \text{সুদের হার})^{\text{মেয়াদ}}}$$

প্রশ্ন ৬। সুদ আসলের ওপর যে সুদ প্রদান করা হয় তাকে কী বলে? ব্যাখ্যা কর। [সকল বোর্ড '১৭]

উত্তর : সুদ আসলের ওপর যে সুদ প্রদান করা হয় তাকে চক্রবৃদ্ধি সুদ বলে।

ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের ক্ষেত্রে চক্রবৃদ্ধি সুদ বা চক্রবৃদ্ধিকরণ জড়িত। চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে কোনো নির্দিষ্ট সময়ের শেষে প্রাপ্ত সুদাসলকে পরবর্তী নির্দিষ্ট সময়ে আসল ধরে তার ওপর সুদ ধার্য করা হয়। যেমন— ১০০ টাকার ওপর ১০% সুদ হলে ১ বছর পর ভবিষ্যৎ মূল্য হবে $100(1 + 0.10)^1 = 110$ টাকা। ২ বছর পর ভবিষ্যৎ মূল্য হবে $100(1 + 0.10)^2 = 121$ টাকা। সুদের হারের চক্রবৃদ্ধি বছরে একবার বা একাধিকবার হতে পারে।

প্রশ্ন ৭। দুটি প্রকল্পের মধ্যে একটি গ্রহণ করে অন্যটির সুবিধা ত্যাগ করাকে কী বলে? ব্যাখ্যা কর। [সকল বোর্ড '১৬]

উত্তর : দুটি প্রকল্পের মধ্যে একটি গ্রহণ করে অন্যটির সুবিধা ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

মনে করি, কোনো এলাকায় জমির মূল্য ১০ বছরে দ্বিগুণ হয়। পক্ষান্তরে, ব্যাংকের সঞ্চয়ী হিসাবে সুদের হার ৮%। এক্ষেত্রে দুটি প্রকল্পের মধ্যে একটি গ্রহণ করতে হবে এবং অন্যটিকে ত্যাগ করতে হবে। ধরা যাক, জমি ক্রয়ে বিনিয়োগ করা হলো এবং সঞ্চয়ী হিসাবের প্রকল্প ত্যাগ করা হলো। এক্ষেত্রে জমি ক্রয়ের সুযোগ ব্যয় হবে ৮% সুদের হার।

● এসএসসি পরীক্ষার প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ১। সুযোগ ব্যয় কী? [ঢা. বো. '১৯]

উত্তর : কোনো একটি প্রকল্পে অর্থ বিনিয়োগ করলে অন্য প্রকল্পে এ অর্থ বিনিয়োগের সুযোগ ত্যাগ করাকে সুযোগ ব্যয় বলে।

প্রশ্ন ২। কোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার পূর্বে কী বিবেচনা করতে হয়? [য. বো. '১৯]

উত্তর : কোনো আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়ার পূর্বে ঋণ পরিশোধ ক্ষমতা যাচাই করতে হয়।

প্রশ্ন ৩। কোন ক্ষেত্রে কেবল আসলের উপর সুদ গণনা করা হয়? [কু. বো. '১৯]

উত্তর : সরল সুদের ক্ষেত্রে কেবল আসলের ওপর সুদ গণনা করা হয়।

প্রশ্ন ৪। 'বুল-৭২' কী? [ব. বো. '১৯]

উত্তর : বিনিয়োগকৃত অর্থ কত সুদের হারে বা কত বছরে দ্বিগুণ হবে তা সংক্ষেপে নির্ণয় করার কৌশলকে 'বুল-৭২' বলে।

প্রশ্ন ৫। চক্রবৃদ্ধি সুদ কী? [দি. বো. '১৯]

উত্তর : সুদ-আসলের ওপর যে সুদ প্রদান করা হয় তাকে চক্রবৃদ্ধি সুদ বলে।

প্রশ্ন ৬। EAR-এর পূর্ণরূপ লিখ। [সকল বোর্ড '১৬, '১৮]

উত্তর : EAR-এর পূর্ণরূপ হলো Effective Annual Rate.

প্রশ্ন ৭। অর্থের সময়মূল্য কী? [সকল বোর্ড '১৭]

উত্তর : সময়ের সাথে সাথে অর্থের মূল্য পরিবর্তন হওয়াকে অর্থের সময়মূল্য বলে।

প্রশ্ন ৮। ভোক্তা ঋণ কী? [সকল বোর্ড '১৫]

উত্তর : ব্যাংক থেকে ভোগ্য পণ্য; যেমন— গাড়ি, ফ্রিজ, কম্পিউটার ইত্যাদি ক্রয় করার জন্য যে ঋণ নেওয়া হয় তাকে ভোক্তা ঋণ বলে।

● শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ৯। অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের পার্থক্যকারী উপাদান কোনটি? [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

উত্তর : অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের পার্থক্যকারী উপাদানটি হলো সুদের হার।

প্রশ্ন ১০। অর্থের ভবিষ্যৎ মূল্য কী?

[ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা]

উত্তর : বর্তমানে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ নির্দিষ্ট হারে কোথাও বিনিয়োগ করলে ভবিষ্যতে একটি নির্দিষ্ট সময়ে যে নগদ অর্থ পাওয়া যাবে তাকে অর্থের ভবিষ্যৎ মূল্য বলে।

প্রশ্ন ১১। সুদের হারের সাথে অর্থের সময় মূল্যের হ্রাস-বৃদ্ধির সম্পর্কটি কেমন? [সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা]

উত্তর : সুদের হার বাড়লে অর্থের বর্তমান মূল্য কমে এবং ভবিষ্যৎ মূল্য বাড়ে, অনুরূপভাবে সুদের হার কমলে বিপরীত অবস্থার সৃষ্টি হয়।

প্রশ্ন ১২। বাট্টাকরণ প্রক্রিয়া কী?

[সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, গাজীপুর]

উত্তর : বর্তমান মূল্য নির্ণয়ের প্রক্রিয়াকে বাট্টাকরণ প্রক্রিয়া বলে।

প্রশ্ন ১৩। সরল সুদ কাকে বলে?

[মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]

উত্তর : আসল টাকার ওপর প্রতিবছর যে সুদ ধার্য করা হয় তাকে সরল সুদ বলে।

প্রশ্ন ১৪। অর্থের ভবিষ্যৎ মূল্য জানা থাকলে কোন মূল্য বের করা যায়? [মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা]

উত্তর : অর্থের ভবিষ্যৎ মূল্য জানা থাকলে বর্তমান মূল্য বের করা যায়।

প্রশ্ন ১৫। সুদের হার কী?

[গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ধানমন্ডি, ঢাকা]

উত্তর : ঋণগ্রহীতা ঋণদাতাকে যে হারে সুদ প্রদান করে থাকে সে হারকে সুদের হার বলে।

প্রশ্ন ১৬। অর্থের সময় মূল্য পরিবর্তনের মূল কারণ কী?

[মাইলস্টোন কলেজ, ঢাকা]

উত্তর : অর্থের সময়মূল্য পরিবর্তনের মূল কারণ হলো সুদের হার।

প্রশ্ন ১৭। বাট্টাকরণ প্রক্রিয়ায় অর্থের কোন মূল্যকে ভাগ করা হয়? [আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা]

উত্তর : বাট্টাকরণ প্রক্রিয়ায় অর্থের ভবিষ্যৎ মূল্যকে ভাগ করা হয়।

প্রশ্ন ১৮। ব্যবসায়ের প্রতিটি সিদ্ধান্তের সাথে অর্থের কী জড়িত থাকে? [ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, মোমেনশাহী]

উত্তর : ব্যবসায়ের প্রতিটি সিদ্ধান্তের সাথে অর্থের আন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ জড়িত থাকে।

প্রশ্ন ৮। অর্থের সময়মূল্যের মূল কারণ ব্যাখ্যা কর।

<https://24paralekha.com> [সকল বোর্ড '১৫]

উত্তর : অর্থের সময়মূল্যের মূল কারণ হলো সুদের হার। সাধারণভাবে অর্থের সময়মূল্যের সাথে সুদের হার জড়িত থাকে। অর্থাৎ অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্য কীরূপ হবে তা নির্ধারিত হয় সুদের হারের মাধ্যমে। এক্ষেত্রে সুদের হার যদি বেশি হয় তাহলে অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের ব্যবধান বেশি হবে। আবার সুদের হার যদি কম হয় তাহলে অর্থের বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের ব্যবধান কম হবে। মূলত সুদের হারের কারণেই এখনকার ১০০ টাকা ও ৫ বছর পরের ১০০ টাকা সমান হতে পারে না।

● শীর্ষস্থানীয় স্কুলসমূহের টেস্ট পরীক্ষার প্রশ্ন ও উত্তর
প্রশ্ন ৯। প্রকল্প মূল্যায়ন ধারণাটি ব্যাখ্যা কর।

[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
উত্তর : প্রকল্প মূল্যায়ন বলতে প্রকল্পের লাভজনকতা বিচার-বিশ্লেষণ করাকে বোঝায়।

মূলধন বিনিয়োগের জন্য প্রকল্প চিহ্নিতকরণের পর কোনো প্রকল্পে বিনিয়োগ উত্তম হবে তা নির্ধারণের জন্য বিভিন্ন কৌশল প্রয়োগ করে

প্রকল্প মূল্যায়ন করা হয়। প্রকল্পকে সঠিকভাবে মূল্যায়ন সম্ভব হলে অধিক লাভজনক প্রকল্পে বিনিয়োগ সহজ হয়। প্রকল্প মূল্যায়নের পরেই প্রকল্প নির্বাচন করা হয়।

প্রশ্ন ১০। সুদের হারের প্রভাব ব্যাখ্যা কর।

[ডিকারুনিনিসা নুন স্কুল এন্ড কলেজ, ঢাকা]
উত্তর : অর্থের সময়মূল্য ধারণাটি চারটি প্রধান উপাদানের উপর নির্ভরশীল। যেমন— সুদের হার, প্রকল্পের মেয়াদ, নগদ প্রবাহ এবং সুদের বার্ষিক চক্রবৃদ্ধির সংখ্যা। অর্থের সময়মূল্যের অন্যতম মূলভাব হলো সময়ের পরিবর্তনের সাথে সাথে মুদ্রাস্ফীতি কিংবা মুদ্রা সংকোচনের কারণে অর্থের ক্রয় ক্ষমতা হ্রাস-বৃদ্ধি ঘটে। অর্থাৎ আজকের ১০০ টাকার মূল্য কালকের ১০০ টাকার মূল্যের সমান হবে না। মুদ্রাস্ফীতির কারণে অর্থের ক্রয় ক্ষমতা হ্রাস পায়। এই কারণে কোন প্রকল্পের সময় বাড়ার সাথে সাথে সুদের হারও বৃদ্ধি পায়। সুতরাং অর্থের সময়মূল্য নির্ণয়ের ক্ষেত্রে সুদের হারের প্রভাব বিদ্যমান।

প্রশ্ন ১১। ব্যবসায় অর্থায়নে অর্থের সময়মূল্যের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।

[মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা]
উত্তর : মুদ্রাস্ফীতি, বাজারমূল্য, অর্থনৈতিক অবস্থা, দ্রব্যের দাম প্রভৃতি কারণে অর্থের সময়মূল্যের প্রয়োজনীয়তা অপরিসীম।

সাধারণভাবে দেখা যায়, আজকের ১০০ টাকা আগামী ১ বছর পরের ১০০ টাকার সমান মূল্য বহন করে না। তেমনভাবে কোনো ব্যবসায় প্রতিষ্ঠানের ক্ষেত্রেও এরূপ অবস্থা বিরাজ করে। তাই একজন ব্যবসায়ীকে ব্যবসায়ের আর্থিক সিদ্ধান্ত এবং বিনিয়োগের ক্ষেত্রে অর্থের সময়মূল্যের ওপর ভিত্তি করে সিদ্ধান্ত নিতে হয়। অর্থের সময়মূল্য যথাযথভাবে বিবেচনা করতে পারলে ব্যবসায়ের আর্থিক সিদ্ধান্ত ও বিনিয়োগ নীতি ফলপ্রসূ হয়।

প্রশ্ন ১২। সরল সুদ অপেক্ষা চক্রবৃদ্ধি সুদের পরিমাণ বেশি হওয়ার কারণ ব্যাখ্যা কর।

[মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর]
উত্তর : চক্রবৃদ্ধি সুদের ক্ষেত্রে সুদসলের ওপর সুদ প্রদান করা হয় বিধায় সরল সুদ অপেক্ষা চক্রবৃদ্ধি সুদের পরিমাণ বেশি হয়।

সরল সুদের ক্ষেত্রে শুধু আসলের ওপর সুদ ধার্য করা হয়। তাই প্রতি বছর সুদের পরিমাণ সমান হয়। কিন্তু চক্রবৃদ্ধি

সুদের ক্ষেত্রে প্রথম বছর যে সুদ পাওয়া যায় পরবর্তী বছর সে সুদের ওপরও সুদ ধার্য করা হয়। ফলে সুদের পরিমাণ প্রতি বছর বাড়ে। তাই সরল সুদ অপেক্ষা চক্রবৃদ্ধি সুদের পরিমাণ বেশি হয়।

প্রশ্ন ১৩। বার্ষিক বৃত্তি বা ভোক্তা ঋণ বলতে কী বোঝায়?

[ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

উত্তর : ব্যাংক থেকে ভোগ্যপণ্য, যেমন— গাড়ি, ফ্রিজ, কম্পিউটার ইত্যাদি ক্রয় করার জন্য যে ঋণ নেওয়া হয়, তাকে ভোক্তা ঋণ বলে।

সাধারণত ভোক্তা ঋণ পলিসিতে একটা মোটা অঙ্কের অর্থ ঋণ হিসেবে বর্তমানে গ্রহণ করা হয় এবং ভবিষ্যতে সমান অঙ্কের কিস্তিতে নিয়মিতভাবে নির্দিষ্ট মেয়াদকালের মধ্যে ঋণের অর্থ সুদসহ পরিশোধ করা হয়।

প্রশ্ন ১৪। ভবিষ্যৎ মূল্যকে ভাগ করার প্রক্রিয়াটি ব্যাখ্যা কর।

[সরকারি মুসলিম উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

উত্তর : ভবিষ্যৎ মূল্যকে ভাগ করার প্রক্রিয়াটি হলো বাট্টাকরণ প্রক্রিয়া।

বর্তমান মূল্য নির্ণয়ের প্রক্রিয়াকে বাট্টাকরণ প্রক্রিয়া বলা হয়। এ প্রক্রিয়ায় প্রতিবছর ভবিষ্যৎ সুদসলকে সুদের হার দিয়ে ভাগ করে বর্তমান মূল্য নির্ধারণ করা হয়ে থাকে।

প্রশ্ন ১৫। চক্রবৃদ্ধিকরণ সূত্রটি বিবৃত কর।

[চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্তঃ বিদ্যালয়]

উত্তর : ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের প্রক্রিয়াকে চক্রবৃদ্ধিকরণ বলে।

চক্রবৃদ্ধিকরণ বছরে একবার বা একাধিকবার হতে পারে। এক্ষেত্রে সুদসলের ওপর সুদ ধার্য করা হয়। চক্রবৃদ্ধিকরণ

বছরে একবার হলে ভবিষ্যৎ মূল্যের সূত্রটি হবে,

ভবিষ্যৎ মূল্য (FV) = PV (1 + i)ⁿ

আবার, চক্রবৃদ্ধিকরণ বছরে একাধিকবার হলে,

ভবিষ্যৎ মূল্য (FV) = PV (1 + $\frac{i}{m}$)^{n \times m}

প্রশ্ন ১৬। প্রকৃত সুদের হার কী? ব্যাখ্যা কর।

[জালালাবাদ ক্যান্ট. পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট]

উত্তর : প্রকৃতপক্ষে যে হারে সুদ অর্জিত হয় তাকে কার্যকরী বা প্রকৃত সুদের হার বলে।

একটি নির্দিষ্ট মেয়াদের জন্য গ্রহণকৃত ঋণের সুদের হার চক্রবৃদ্ধি হারে বৃদ্ধি পেয়ে ঐ নির্দিষ্ট মেয়াদের যে সুদের হার হয় তাই প্রকৃত বা কার্যকরী সুদের হার।

প্রশ্ন ১৭। অর্থের সময়মূল্য বলতে কী বুঝায়?

[বুর্গাণবরিশাল জিলা স্কুল]
উত্তর : সময়ের পরিবর্তনের সাথে সাথে অর্থের মূল্যের পরিবর্তনকে অর্থের সময়মূল্য বলে।

অর্থের সময় মূল্য বলতে আজকের কিছু পরিমাণ টাকার মূল্য ভবিষ্যতের সেই পরিমাণ টাকার মূল্যের চেয়ে বেশি এ ধারণা স্বীকার করাকে বোঝায়। ভবিষ্যতে প্রাপ্ত ১০০ টাকার মূল্যের চেয়ে বর্তমানে প্রাপ্ত ১০০ টাকার মূল্য বেশি হওয়াকেই অর্থের সময়মূল্য বলা হয়ে থাকে।

প্রশ্ন ১৮। অর্থের সময়মূল্য কেন নিরূপণ করা হয়?

[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, মোমেনশাহী]

উত্তর : সময়ের সাথে সাথে অর্থের মূল্য পরিবর্তন হওয়াকে অর্থের সময়মূল্য বলে।

ব্যবসায় অর্থায়নের সিদ্ধান্তের ক্ষেত্রে অর্থের সময়মূল্যের ধারণাটি গুরুত্বপূর্ণ। কারণ কোনো উৎস হতে ঋণ গ্রহণ করলে কত হারে সুদ বা কিস্তি প্রদান করতে হবে তা জানা থাকলে সঠিক অর্থায়ন সিদ্ধান্ত গ্রহণ সম্ভব হয়। অর্থের সময়মূল্য বিবেচনা না করে ঋণ গ্রহণ করলে ব্যবসায় লোকসানের সম্ভাবনা থাকে। তাই অর্থের সময়মূল্যের প্রয়োজনীয়তা রয়েছে।